ঢাকা ওয়াসা

বিষয় ঃ সায়েদাবাদ পানি শোধনাগার পরিচালন বিভাগের স্থায়ী দাদনের অর্থ বৃদ্ধি করণ প্রসঙ্গে।

১। সায়েদাবাদ পানি শোধনাগারের পরিচালন বিভাগের অনুকূলে বর্তমানে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা স্থায়ী দাদন অনুমোদন রহিয়াছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য অত্র শোধনাগারটি ৮ বৎসরের অধিককাল পূর্বে চালু করা হয়। এই দীর্ঘ সময়ে প্লান্টটি একটানা পরিচালনার ফলে বিদ্যমান Electro Mechanical Equipment সমুহের রক্ষণানেক্ষণ কাজ/ ব্যয় পূর্বের তুলনায় বৃদ্ধি পাইয়াছে। তাই বিদ্যমান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার স্থায়ী দাদনের মাধ্যমে ছোট খাট মেরামত/ রক্ষনাবেক্ষণ কাজ সম্পাদন করা সম্ভব হয় না। যার ফলে প্ল্যান্ট পরিচালনার ক্ষেত্রে বিঘ্নতা দেখা দেয়। তাহাছাড়া বর্তমানে একক ভাউচারে ১,০০০/- টাকা অনুমোদনের ক্ষমতা নির্বাহী প্রকৌশলীর আওতাভূক্তি যাহা বর্তমান বাজারদর অনুযায়ী Electro Mechanical মালামাল ক্রয়ে ভাউচার সমন্বয়ে খুবই সমস্যার সৃষ্টি হয়।

২। এমতাবস্থায় সায়েদাবাদ পানি শোধনাগারের পরিচালন বিভাগের স্থায়ী দাদনে একই ভাউচারে ১,০০০/- (এক হাজার) টাকার স্থলে ২,০০০/- (দুই হাজার) টাকা নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদনের ক্ষমতাসহ স্থায়ী দাদনের পরিমান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হইতে ২০,০০০/- (বিশ হাজার) টাকায় উন্নীত করনের সদয় অনুমোদন দেওয়া যাইতে পারে। জনস্বার্থে ও সুষ্ঠু প্ল্যান্ট পরিচালনার ক্ষেত্রে বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হইল।

EE

25/03/10

মোঃ শাহ্ আলম
উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ)
পরিচালন বিভাগ
সায়েদাবাদ পানি শোধনাগার
ঢাকা ওয়াসা।

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
পরিচালন বিভাগ
সায়েদাবাদ পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

SE

25/03/10
আবুল হাসানাত
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ)
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা, ঢাকা।

প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা